গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা - ১২০৮
E-mail- dgdlrs@gmail.com
Web - www.dgdlrs.gov.bd

প্রজ্ঞাপন নং- ভূরে/১৮১/২০০৮/২২৭৫/১ (১০০০) তারিখঃ ২৩/১০/২০০৮ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

যেহেতু তথ্য প্রবাহের আধুনিকায়নের সাথে সাথে জরিপ কাজেরও (Survey and Settlement operation) আধুনিকায়নের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে এবং যেহেতু বর্তমান সনাতন পদ্ধতিতে (Traditional method) প্রস্তুতকৃত নকশা বহুক্ষেত্রে ত্রুটি থেকে যায় এবং এতে অনাকাঙ্খিত সময় ক্ষেপণ হয়, সেহেতু আধুনিক যন্ত্রপাতির সাহায্যে ডিজিটাল পদ্ধতিতে দ্রুত এবং ত্রুটিমুক্ত নকশা ও রেকর্ড প্রস্তুতের নিমিত্ত ১৯৫০ সালের রাষ্ট্রীয় অর্জন ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৫২ ধারার আওতায় প্রণীত ১৯৫৫ সালের প্রজাস্বত্ব বিধিমালার সপ্তম অধ্যায়ের ২৭ নং বিধিদ্বারা মহাপরিচালকের উপর অর্পিত ক্ষমতাবলে ঐ বিধির (i) হতে (vi) স্তরের কাজ পূর্ণবিন্যাসের উদ্দেশ্যে এতদ্বারা নিম্নরূপ নির্দেশনা জারি করা হলোঃ

(i.) প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর ২৭ নং বিধির (i) হতে (vi) স্তরের কাজ ডিজিটাল পদ্ধতিতে একই সাথে সম্পাদিত করা।

(ii.) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের জরিপ শাখার দায়িত্বে প্রতিটি মৌজায় স্থায়ী জিপিএস পিলার (PSM) স্থাপন করে তার স্থানাংক সমূহ (Co-ordinates) নির্ণয়ের মাধ্যমে মৌজা কিস্তোয়ার উপযোগী করা হবে।

(iii.) ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত কিস্তোয়ার কাজ কারিগরীভাবে দক্ষ একজন কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারের দায়িত্বে সম্পাদিত হবে। এ উদ্দেশ্যে নিয়োজিত কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারের নেতৃত্বে একদল দক্ষ কর্মকর্তা/কর্মচারী থাকবেন যাদেরকে একটি টীম বা ইউনিট হিসাবে গণ্য করা হবে। এই টীম/ইউনিট কিস্তোয়ার সমাপ্তির পর দখল নোট, নকশা যাচাইসহ অন্যান্য কাজ সম্পাদন করবেন।

(iv.) অতঃপর তিনি (কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার) স্বয়ং খতিয়ান (Record of Rights) প্রস্তুত আরম্ভ করবেন এবং খতিয়ানে 'তসদিককৃত' শব্দ ও নিজ নামের সীলসহ স্বাক্ষর করে খতিয়ানের ১ কপি ভূমি মালিকদের বুঝিয়ে দিবেন যা তসদিক স্তরের কাজ হিসাবে গণ্য হবে। এই ভাবে প্রস্তুতকৃত খতিয়ান ও নকশা ৬০ (ষাট) কার্যদিবস পর্যন্ত ভূমি মালিকদের দেখার জন্য ও আপত্তি দাখিলের জন্য উন্মুক্ত থাকবে।

(v.) আপত্তি দাখিলের পর আপত্তি নিষ্পত্তি, আপীল নিষ্পত্তি ও চূড়ান্ত রেকর্ড প্রস্তুত প্রক্রিয়া যথা নিয়মে চলমান থাকবে।

এই প্রজ্ঞাপন জন স্বার্থে জারি করা হল এবং বাংলাদেশের যে সব অঞ্চলে ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ সম্পন্ন হবে সে সব অঞ্চলের জন্য এ নির্দেশনা কার্যকরী থাকবে। বর্তমান সনাতন পদ্ধতিতে (Traditional method) যেসব এলাকায় ভূমি জরিপ চলছে সেসব এলাকার জন্য উক্ত বিধিমালার ২৭ নং

বিধির (i) - (vi) স্তরের নিয়ম/কার্যক্রম যথারীতি বহাল থাকবে। যেহেতু ডিজিটাল পদ্ধতিতে সম্পাদিত জরিপ কার্যক্রমে ১৯৫৫ সালের বিধিমালার ২৭নং বিধির ৬টি স্তরের কাজ একইসাথে স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন হবে সেহেতু সেটেলমেন্ট অফিসারগণ এই পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভের পূর্বে সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচারণা ও গণসংযোগ স্থাপন করবেন।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হলো।

(মোঃ সাইফুজ্জুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ৮১১২৩৮০
ফ্যাক্সঃ ৯১২২৮৪৯

অনুলিপি সদয় অবগতির জন্য-

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।

অনুলিপি কার্যার্থে-

৪। পরিচালক (প্রশাসন/জরিপ/ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫। সেটেলমেন্ট অফিসার/জোনাল সেটেলমেন্ট অফিসার..........................................
৬। জেলা প্রশাসক ..................................................................................
৭। উপজেলা নির্বাহী অফিসার, ..................................................................
৮। সহকারী কমিশনার (ভূমি), ..................................................................
৯। অফিস কপি।